গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০০৩.২৫-১৭৫

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩ / ০৮ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয় : অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের SICIP প্রকল্পের আওতায় BIGM কর্তৃক আয়োজিত "Sustainable Future: Environmental Challenges and Climate Change" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন 'Skills০ for Industry Competitiveness and Innovation Program (SICIP)' প্রকল্পের আওতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) কর্তৃক আয়োজিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদী 'Sustainable Future: Environmental Challenges and Climate Change' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচ আগামী ২৮ নভেম্বর ২০২৬ হতে বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম) ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকাতে অনুষ্ঠিত হবে।

০২। কোর্স সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

(ক)	উক্ত প্রশিক্ষণ কোর্সটিতে সিনিয়র সহকারী সচিব, উপসচিব এবং যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ (বয়সসীমা ৩০ বছর হতে অনূর্ধ্ব ৫২ বছর) আবেদন করতে পারবেন;
(খ)	প্রশিক্ষণ কোর্সটি মোট ০৪ সপ্তাহব্যাপী পরিচালিত হবে। উক্ত সময়ে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদেরকে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/ অধিদপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানের দীর্ঘ-মেয়াদি লক্ষ্য অর্জনের জন্য পরিবেশ, প্রতিবেশ, জলবায়ু পরিবর্তন, পরিবেশ সংক্রান্ত নীতি ও চুক্তি, জলবায়ু অর্থায়ন, পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক পরিকল্পনা তৈরি এবং সরেজমিনে মাঠ পরিদর্শনের মাধ্যমে পরিবেশগত ক্ষতি ও জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো সম্পর্কে ধারণা দেওয়া হবে। প্রশিক্ষণলব্ধ জ্ঞান ও দক্ষতা ব্যবহার করে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি District Environmental Management Plan তৈরি করবেন এবং অভিজ্ঞ প্যানেল সদস্যদের সম্মুখে উক্ত প্রতিবেদনটি উপস্থাপন করবেন;
(গ)	কোর্সের মেয়াদকালে ০৩ (তিন) দিনব্যাপী ঢাকার বাহিরে সরেজমিনে মাঠ পরিদর্শন অনুষ্ঠিত হবে। উক্ত মাঠ পরিদর্শনে সকল প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ বাধ্যতামূলক। কোর্সে মাঠ পরিদর্শনের জন্য বরাদ্দকৃত হার/অর্থের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের জন্য একই ধরনের যাতায়াত, আবাসন ও খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে;
(ঘ)	'Sustainable Future : Environmental Challenges and Climate Change'কোর্সের প্রত্যেক ব্যাচে BIGM-এ অনুষ্ঠিত 'Policy Analysis', 'Strategic Management' এবং 'Rise to Lead : Developing Future Leaders' তিনটির মধ্য হতে যে কোন একটি কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন;
(ঙ)	প্রশিক্ষণ কোর্সে ক্লাস সপ্তাহে ০৫ (পাঁচ) দিন শনি-বুধবার সকাল ৯:০০ হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে;
(চ)	প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৬০০ (ছয়শত) টাকা করে প্রদান করা হবে এবং প্রশিক্ষণার্থীদের সকাল-বিকাল চা-চক্র ও দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করা হবে।
(ছ)	প্রশিক্ষণার্থী বা তাঁর প্রতিষ্ঠানকে কোন কোর্স ফি দিতে হবে না;
(জ)	প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ০৪ (চার) সপ্তাহ। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন;

০৩। আগ্রহী কর্মকর্তাগণকে আগামী ১০.১১.২০২৬ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সরাসরি/ডি-নথিতে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/১০/২৬

(আসমা শাহীন)
উপসচিব
ফোন: ২২২৬৬৪১১৩১
ইমেইল: it3@mopa.gov.bd

বিতরণ : জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা।
৩. সিনিয়র সচিব/সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৪. বিভাগীয় কমিশনার (সকল).....।
৫. জেলা প্রশাসক (সকল).....।
৬. সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী সচিব, সিপিটি অনুবিভাগ [অতিরিক্ত সচিব (সিপিটি) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৯. ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় [যুগ্মসচিব (অভ্যন্তরীণ প্রশিক্ষণ অধিশাখা) মহোদয়ের সদয় অবগতির জন্য] এবং
১০. অফিস কপি/মাষ্টার কপি।

১২০

আবেদন ফরম

বরাবর

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।

বিষয়: **Sustainable Future: Environmental Challenges and Climate Change** শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে মনোনয়নের আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত Sustainable Future: Environmental Challenges and Climate Change শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য প্রয়োজনীয় তথ্য সদয় অবগতির জন্য পেশ করলাম:

১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
২।	জন্ম তারিখ	:	
৩।	বয়স (২৮ নভেম্বর ২০২৬)	:	
৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
৬।	সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
৭।	BIGM-এ অনুষ্ঠিত Policy Analysis/ Strategic Management/ Rise to Lead: Developing Future Leaders কোর্সে অংশগ্রহণ করেছেন কিনা? অংশগ্রহণ করলে কোর্সের নাম ও ব্যাচ		
৮।	মোবাইল নম্বর	:	
৯।	ই-মেইল	:	

এমতাবস্থায়, আমাকে উক্ত কোর্সে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ